গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গুপ্তসংকেত পরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doc.portal.gov.bd

স্মারক নং: ২৩.১০.০০০০.০০১.১১.০০৬.২৫-৬৫৭; তারিখঃ ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://doc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাইফার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৫, স্কেল: ৯৭০০-২৩৪৯০/- | ০২ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ও তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন প্রতি মিনিটে ২০ শব্দের গতি থাকিতে হইবে। |
| ২. | বাইন্ডার কাম-মেশিন অপারেটর<br>গ্রেড-১৬, স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাঁধাই সংক্রান্ত কাজ ও মুদ্রণ সংক্রান্ত যন্ত্রপাতি চালনায় অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০, স্কেল: ৮২৫০-২০০১০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |

২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলির বিস্তারিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mod.gov.bd , গুপ্তসংকেত পরিদপ্তরের ওয়েবসাইট www.doc.portal.gov.bd এবং বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট https://doc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৩। **উল্লেখ থাকে যে, অনলাইন আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯/০৯/২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়: ৩০/০৯/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা ।**

০৭/৯/২০২৫
মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: ০২-৫৮১৫২৬৩৫